# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০, ফোনঃ +৮৮ ০২-২২৬৬৩৯৭০৭

ই-মেইল: info@bnmc.gov.bd ওয়েব সাইট: www.bnmc.gov.bd


নং-বিএনএমসি/প্রশা-৩৪ (অংশ-৪)/২০২৪-১৬৭ তারিখ: ১০ মার্চ ২০২৪

## নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের ফরম পূরণ সংক্রান্ত নির্দেশনা

সরকারি, স্বায়ত্তশাসিত (সামরিক-বেসামরিক) ও বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে ০৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং, ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ভর্তিচ্ছু প্রার্থীদের জন্য ভর্তি সংক্রান্ত নির্দেশনাঃ

"বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা, ২০২৪" অনুযায়ী নিম্নলিখিত শর্তে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইনে আবেদন করতে হবে।

**শর্তাবলি:**

১. প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

২. আবেদনকারীকে ২০২১, ২০২২ অথবা ২০২৩ সালে এইচএসসি/সমমান এবং ২০১৯, ২০২০ অথবা ২০২১ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

৩. ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে নির্দিষ্ট আসনের ১০% পুরুষ প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে নির্দিষ্ট আসনের সর্বোচ্চ ২০% পুরুষ প্রার্থী ভর্তি করা যাবে। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে শুধু মহিলা প্রার্থী আবেদনের যোগ্য হবে।

৪. (ক) **৪ বছর মেয়াদি ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং কোর্স):** বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৭.০০ থাকতে হবে, তবে কোনো পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবে না এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ৩.০০ থাকতে হবে।

(খ) **৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি:** যে কোনো বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় মোট জিপিএ ৬.০০ থাকতে হবে। তবে কোনো পরীক্ষায় জিপিএ ২.৫০ এর কম গ্রহণযোগ্য হবে না।

৫. যারা O-Level/A-Level পরীক্ষায় উত্তীর্ণ তাদের মার্কশিটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএ-তে রূপান্তর করে Equivalence Certificate সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবেন।

৬. **অনলাইন ফরম পূরণের নিয়মাবলি:**

৬.১ Website: http://bnmc.teletalk.com.bd

৬.২ ওয়েবসাইটে লগ ইন করার আগে নিম্নবর্ণিত তথ্য ও অন্যান্য উপকরণ সাথে রাখতে হবে, উপকরণগুলো না থাকলে ফরম পূরণ শেষ না করেই website থেকে বের হয়ে আসতে হবে।

(ক) প্রার্থীর 300×300 pixel মাপের সদ্য তোলা রঙ্গিন ছবি (jpg) ফাইলের সাইজ 100 KB এর বেশি হবে না (স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা)।

(খ) প্রার্থীর 300×80 pixel মাপের স্ক্যান করা স্বাক্ষর (jpg) (কাগজে গাঢ় করে স্বাক্ষর করে তারপর স্ক্যান করতে হবে)। ফাইলের সাইজ 60 KB এর বেশি হবে না। ছবি ও স্বাক্ষর প্রয়োজনীয় মাপে তৈরি করা ও মিলিয়ে দেখার জন্য ৬.১ এ বর্ণিত Home page এ একটি Link দেওয়া আছে।

(গ) ৬.২ এর (ক) ও (খ) তে বর্ণিত ছবি ও স্বাক্ষর কম্পিউটারে (যে কম্পিউটার থেকে Website-এ লগ-ইন করবেন) অথবা Pendrive এ পূর্ব থেকে সংরক্ষিত রাখতে হবে।

(ঘ) ইংরেজিতে নিজের জেলা, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা (জেলা, থানা/উপজেলা, পোস্ট কোড ইত্যাদিসহ) লিখিতভাবে নিজের কাছে রাখতে হবে।

(ঙ) নার্সিং কলেজ/নার্সিং ও মিডওয়াইফারি ইনস্টিটিউটসমূহের নামের পছন্দক্রম একবার দেয়ার পর আর পরিবর্তন করা যাবে না। নার্সিং কলেজ কোড-১০১ থেকে ১২০ (সারণি-২), নার্সিং ইনস্টিটিউট কোড-২০১ থেকে ২৪৯ (সারণি-৩) এবং মিডওয়াইফারি ইনস্টিটিউট কোড ৩০১ থেকে ৩৬২ (সারণি-৪)।

(চ) ভর্তি পরীক্ষার কেন্দ্র (Centre) নির্বাচনে সারণি-১ এর প্রয়োজন হবে।

(ছ) ওয়েব ব্রাউজার হতে http://bnmc.teletalk.com.bd এ প্রবেশ করতে হবে। প্রথমে ভর্তির নিয়মাবলির একটি সংযোগ/লিংক দেখা যাবে। সেটা ক্লিক করে ভালভাবে পড়ে নিতে হবে। পড়া শেষ হলে আগের পৃষ্ঠায় ফেরত আসতে হবে।

(জ) এখানে প্রার্থীদের এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার তথ্য ইনপুট দেওয়ার অপশন আছে। প্রযোজ্য ক্ষেত্রে পরীক্ষার্থীর ডাটা ভেরিফিকেশন সাপেক্ষে এপ্লিকেশন ফরম দেখা যাবে।

(ঝ) প্রার্থীর কোটায় আবেদন করার সুযোগ থাকলে সংশ্লিষ্ট কোটার বাটনে ক্লিক করতে হবে। কোটার অপশন পরিবর্তনের কোনো সুযোগ থাকবে না। কোটায় ভর্তির সুযোগ পেলে ভর্তির সময় প্রয়োজনীয় প্রমাণাদি দেখাতে না পারলে ভর্তি বাতিল হয়ে যাবে।

(ঞ) প্রার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ এবং পৃষ্ঠার মাঝামাঝি পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডসমূহ এবং গ্রেড পয়েন্ট স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে (উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, কারিগরি শিক্ষাবোর্ড, "ও লেভেল/এ" লেভেল-এর প্রার্থীরা তাদের অপশনে গিয়ে তথ্যসমূহ নিজেরা পূরণ করবেন)। পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ভর্তিকৃত প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় থেকে সঠিকতা যাচাই (ভেরিফিকেশন) করা হবে। যাচাইয়ে সঠিক পাওয়া না গেলে ভর্তি বাতিল করা হবে।

(ট) মুক্তিযোদ্ধা কোটার দাবিদার হলে Eligible for freedom fighter Quota ক্লিক করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ তারিখ ১৮/১০/২০২০ খ্রি. মূলে প্রকাশিত পরিপত্র অনুযায়ী স্বীকৃত তালিকা/গেজেট নম্বর অনলাইন আবেদনে দাখিল করতে হবে। এ কোটায় উত্তীর্ণ প্রার্থীগণ ভর্তির সময় স্ব স্ব কলেজ কর্তৃপক্ষের নিকট তালিকা/গেজেট প্রদর্শন করবেন। চূড়ান্তভাবে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর নির্বাচিত শিক্ষার্থীদের উল্লিখিত কোটার প্রমাণকসমূহ নার্সিং কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষ বর্ণিত পরিপত্র অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.molwa.gov.bd এর http://mis.molwa.gov.bd/freedom-fighter-list লিংক এ বর্ণিত প্রমাণক/গেজেট যাচাইপূর্বক মুক্তিযোদ্ধার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হবেন। প্রমাণক ভুল প্রমাণিত হলে নার্সিং কলেজ/ইনস্টিটিউট-এ ভর্তির যোগ্য বিবেচিত হবেন না। প্রার্থীর ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় সুযোগ থাকলে ক্ষুদ্র নৃ-গোষ্ঠী অপশনে ক্লিক করতে হবে। এখানে ক্লিক না করলে পরের পৃষ্ঠায় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার অপশনের সুযোগ থাকবে না। পার্বত্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ এবং অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান এবং জেলা প্রশাসকের সনদের স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ অনলাইন আবেদনে এন্ট্রি করতে হবে। স্মারক নম্বর/সনদ নম্বর ও তারিখ ব্যতিত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটায় অনলাইন আবেদন এন্ট্রি হবে না।

(ঠ) বর্তমান ঠিকানা (Present Address) ও স্থায়ী ঠিকানা (Permanent Address) এক হলে Permanent Address এর বাটনে ক্লিক করলেই চলবে।

(ড) ১১ (এগার) ডিজিটের একটি মোবাইল নম্বর সার্বক্ষণিক অবশ্যই চালু রাখতে হবে। টাকা জমা দেয়ার পর উক্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে User ID ও Password প্রদান করা হবে। দ্বিতীয় ঘরে আরেকটি মোবাইল নম্বর দিতে হবে (প্রয়োজনে যোগাযোগের জন্য)। একই মোবাইল নম্বর ব্যবহার করে একাধিক আবেদন করা যাবে না।

(ঢ) ভর্তিচ্ছু প্রতিষ্ঠান নির্বাচনঃ ভর্তিচ্ছু প্রতিষ্ঠান নির্বাচনের জন্য Choice option পূরণ করতে হবে। বিএসসি ইন নার্সিং কোর্স, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্স অনুযায়ী ফরমে বাম পাশের লিস্টে কলেজ/ইনস্টিটিউটের নাম রয়েছে। বাম পাশের এই লিস্ট থেকে পছন্দের কলেজ/ইনস্টিটিউট হাইলাইট করে Add বাটন ক্লিক করলে সেটা ডান দিকের লিস্টে চলে যাবে। এভাবে এক এক করে নিজের পছন্দের কলেজগুলোকে ক্রমানুসারে ডান দিকের লিস্টে নিতে হবে। ডান পাশের এই লিস্ট-ই হবে প্রার্থীর পছন্দক্রম। বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য প্রতিষ্ঠানের তালিকা সারণি-২, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের জন্য প্রতিষ্ঠানের তালিকা সারণি-৩ এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য প্রতিষ্ঠানের তালিকা সারণি-৪ এ উল্লেখ করা হয়েছে। উত্তীর্ণ প্রার্থীর মেধা ও পছন্দের ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত হবে। **(অধিক সংখ্যক প্রতিষ্ঠান পছন্দের ক্রমে রাখা সমীচীন এতে ভর্তির সুযোগ বেশি পাবে)।**

(ণ) পূর্ব থেকে তৈরি করে রাখা ছবি ও স্বাক্ষর কম্পিউটার অথবা পেনড্রাইভ থেকে ব্রাউজ করে সিলেক্ট করতে হবে।

(ত) পৃষ্ঠা শেষে Declaration বাটনে ক্লিক করে Submit বাটনে ক্লিক করতে হবে।

(থ) ছবি ও স্বাক্ষর নির্ধারিত না হলে আপলোড হবে না। ছবি ও স্বাক্ষর নির্দেশনা মোতাবেক করার অপশন অনলাইনে থাকবে।

(দ) এ পৃষ্ঠায় একটি User ID Number দেখা যাবে। এ নম্বর যত্ন সহকারে সংরক্ষণ করতে হবে, কারণ এটা দিয়ে Teletalk Prepaid মোবাইল থেকে আবেদনের ফি জমা দিতে হবে। আবেদনকারীর ছবি ও স্বাক্ষরসহ সকল তথ্য দেখা যাবে। আবেদনের কপি অবশ্যই প্রিন্ট করে রাখতে হবে।

(ধ) <u>সর্তকতাঃ</u> আবেদনের কপিতে যদি কোন ভুল তথ্য দেখা যায় অথবা ছবি বা স্বাক্ষর ভুল হয় তবে সঠিক ছবি/স্বাক্ষর/তথ্য যোগ করে নতুনভাবে ফরম পূরণ করতে হবে। একবার পরীক্ষার ফি জমা দিলে এরপর ছবি/স্বাক্ষর পরিবর্তনের সুযোগ নেই। অনলাইনে আবেদনপত্র জমা দেয়ার পূর্বে নির্দেশাবলি ভালভাবে পড়ে অত্যন্ত সতর্কতার সাথে ফরম পূরণ করতে হবে। ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

(ন) সহায়তার জন্য ০১৫৫০-৬৯৯৩০০, ০১৫৫০-৬৯৯৩০১ এবং **admission.bnmc@gmail.com** ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(প) প্রি-পেইড টেলিটক মোবাইলের মাধ্যমে ফি জমা দিলে User ID ও Password পাওয়া যাবে। এটা উভয় মোবাইলেই আসবে। ফরম পূরণের সময় লেখা তারকা (স্টার) চিহ্নিত নম্বরটি যে কোন অপারেটরের মোবাইল নম্বর ব্যবহার করা যাবে। User ID ও Password দিয়ে নির্ধারিত তারিখে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে।

(ফ) ফি এর টাকা টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে জমা দিতে হবে। ফরম পূরণকালে আবেদনকারীর প্রদত্ত মোবাইল নম্বরে প্রয়োজনীয় SMS দেওয়া হবে।

(ব) ফি জমা দেয়ার পদ্ধতিঃ

(ক) BNMC <Space> User ID টাইপ করে Send করুন 16222 নম্বরে।

(খ) BNMC <Space> YES <Space> PIN দিয়ে Send করুন 16222 নম্বরে।

PIN Number টি সঠিকভাবে লেখা হলে উক্ত টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে পরীক্ষার ফি বাবদ বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য ৭০০/- (সাতশত) টাকা এবং ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি/ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা কেটে রাখা হবে এবং প্রার্থীকে ফিরতি SMS এ User ID ও Password দেওয়া হবে।

(ভ) **প্রবেশপত্রঃ** নির্ধারিত তারিখের মধ্যে http://bnmc.teletalk.com.bd লিংক থেকে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। বিষয়টি SMS এর মাধ্যমেও জানানো হবে। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করা যাবে।

(ম) সারণি-১ এ পরীক্ষা কেন্দ্রের নাম ও কোড দেওয়া হলো। সারণি-১ এ বর্ণিত ২২ (বিশ) টি Centre Code এর মধ্যে একজন পরীক্ষার্থী যে কোন একটি Centre পছন্দ করতে পারবেন। সেন্টারের নাম ও কোড নম্বর নিম্নরূপঃ

## সারণি-১

| NAME OF EXAM CENTRES | CENTRE CODE NUMBER |
|---|---|
| Dhaka Nursing College, Dhaka | 1 |
| College of Nursing, Shere Banglanagar, Dhaka | 2 |
| Nursing College, Mitford, Dhaka | 3 |
| Chattogram Nursing College, Chattogram | 4 |
| Rajshahi Nursing College, Rajshahi | 5 |
| Nursing and Midwifery College, Khulna | 6 |
| Sylhet Nursing College, Sylhet | 7 |
| Barishal Nursing College, Barishal | 8 |
| Rangpur Nursing College, Rangpur | 9 |
| Mymensingh Nursing College, Mymensingh | 10 |
| Shaheed Tajuddin Ahmad Nursing College, Gazipur | 11 |
| Nursing and Midwifery College, Faridpur | 12 |
| Nursing and Midwifery College, Tangail | 13 |
| Nursing and Midwifery College, Cumilla | 14 |
| Nursing and Midwifery College, Noakhali | 15 |
| Nursing and Midwifery College, Jashore | 16 |
| Bogura Nursing College, Bogura | 17 |
| Dinajpur Nursing College, Dinajpur | 18 |
| Nursing Institute, Patuakhali | 19 |
| Nursing and Midwifery College, Habiganj | 20 |
| Nursing Institute, Rangamati | 21 |
| Nursing and Midwifery College, Gopalganj | 22 |

০৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং কোর্স এর জন্য নার্সিং কলেজের নাম ও আসন সংখ্যা

## সারণি-২

| College Code No | Name of the Govt. College | Name of the Course | Seat |
|---|---|---|---|
| 101 | Dhaka Nursing College, Dhaka | Bachelor of Science in Nursing | 100 |
| 102 | Rajshahi Nursing College, Rajshahi | Bachelor of Science in Nursing | 100 |
| 103 | Chattogram Nursing College, Chattogram | Bachelor of Science in Nursing | 100 |
| 104 | Mymensingh Nursing College, Mymensingh | Bachelor of Science in Nursing | 100 |
| 105 | Rangpur Nursing College, Rangpur | Bachelor of Science in Nursing | 100 |
| 106 | Sylhet Nursing College, Sylhet | Bachelor of Science in Nursing | 100 |
| 107 | Barishal Nursing College, Barishal | Bachelor of Science in Nursing | 100 |
| 108 | Dinajpur Nursing College, Dinajpur | Bachelor of Science in Nursing | 100 |
| 109 | College of Nursing, Sher-e-Banglanagar, Dhaka | Bachelor of Science in Nursing | 100 |
| 110 | Manikganj Nursing College, Manikgonj | Bachelor of Science in Nursing | 100 |
| 111 | Shaheed Tajuddin Ahmad Nursing College, Gazipur | Bachelor of Science in Nursing | 100 |
| 112 | Lalmonirhat Nursing Cohllege, Lalmonirhat | Bachelor of Science in Nursing | 50 |
| 113 | Bandarban Nursing College, Bandarban | Bachelor of Science in Nursing | 50 |
| 114 | Nursing and Midwifery College, Dinajpur | Bachelor of Science in Nursing | 30 |
| 115 | Pabna Nursing College, Pabna | Bachelor of Science in Nursing | 50 |
| 116 | Nursing & Midwifery College, Jashore | Bachelor of Science in Nursing | 50 |
| 117 | Nursing & Midwifery College, Khulna | Bachelor of Science in Nursing | 50 |
| 118 | Nursing & Midwifery College, Tangail | Bachelor of Science in Nursing | 50 |
| 119 | Sheikh Hasina Nursing College, Sirajganj | Bachelor of Science in Nursing | 25 |
| 120 | Nursing & Midwifery College, Bogura | Bachelor of Science in Nursing | 50 |

| | Total: | 1505 |
|---|---|---|

০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ইনস্টিটিউট এর নাম ও আসন সংখ্যা

সারণি-৩

| College Code No | Name of the Govt. Institution | Name of the Course | Seat |
|---|---|---|---|
| 201 | Nursing College, Mitford, Dhaka | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 202 | Nursing & Midwifery College, Khulna | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 203 | Nursing & Midwifery College, Cumilla | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 204 | Nursing & Midwifery College, Faridpur | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 205 | Nursing & Midwifery College, Tangail | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 206 | Nursing & Midwifery College, Bogura | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 207 | Nursing & Midwifery College, Dinajpur | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 208 | Pabna Nursing College, Pabna | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 209 | Nursing Institute, Rangamati | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 210 | Nursing & Midwifery College, Noakhali | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 211 | Nursing Institute, Kushtia | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 212 | Nursing & Midwifery College, Jashore | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 213 | Nursing Institute, Patuakhali | Diploma in Nursing Science & Midwifery | 80 |
| 214 | Nursing Institute, Munshiganj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 215 | Nursing Institute, Netrokona | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 216 | Nursing Institute, Sherpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 217 | Nursing Institute, Rajbari | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 218 | Nursing Institute, Sirajganj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 219 | Nursing Institute, Chapainawabganj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 220 | Nursing Institute, Kurigram | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 221 | Nursing Institute, Joypurhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 222 | Nursing Institute, Thakurgaon | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 223 | Nursing Institute, Brahmanbaria | Diploma in Nursing Science & Midwifery | 70 |
| 224 | Nursing & Midwifery College, Cox's Bazar | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 225 | Nursing & Midwifery College, Feni | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 226 | Nursing Institute, Moulvibazar | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 227 | Nursing & Midwifery College, Bhola | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 228 | Nursing Institute, Bagerhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 229 | Nursing Institute, Chuadanga | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 230 | Nursing Institute, Magura | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 231 | Nursing & Midwifery College, Satkhira | Diploma in Nursing Science & Midwifery | 70 |
| 232 | Nursing & Midwifery College, Gopalganj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 233 | Nursing Institute, Madaripur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 234 | Nursing Institute, Pirojpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 235 | Nursing Institute, Barguna | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 236 | Nursing Institute, Naogaon | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 237 | Nursing & Midwifery College, Nilphamari | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 238 | Nursing Institute, Panchagarh | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 239 | Nursing Institute, Kishoreganj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 240 | Nursing & Midwifery College, Jamalpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 241 | Nursing Institute, Jhenaidah | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 242 | Nursing Institute, Chandpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 243 | Nursing & Midwifery College, Habiganj | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 244 | Syeda Zohra Tajuddin Nursing College, Kapasia, Gazipur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 245 | Lalmonirhat Nursing College, Lalmonirhat | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 246 | Bandarban Nursing College, Bandarban | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| 247 | Narail Nursing College, Narail | Diploma in Nursing Science & Midwifery | 25 |
| 248 | Bangmata Sheikh Fazilatunnesa Mujib Nursing | Diploma in Nursing Science & Midwifery | 50 |

| | | | |
|---|---|---|---|
| 249 | Alhaj Abdur Razzak Nursing College, Damudya, Shariatpur | Diploma in Nursing Science & Midwifery | 50 |
| | | **Total:** | **2855** |

## ০৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি ইনস্টিটিউটের নাম ও আসন সংখ্যা

**সারণি-৪**

| College Code No | Name of the Govt. Institution | Name of the Course | Number of Seats |
|---|---|---|---|
| 301 | Dhaka Nursing College, Dhaka | Diploma in Midwifery | 50 |
| 302 | Rajshahi Nursing College, Rajshahi | Diploma in Midwifery | 50 |
| 303 | Chattogram Nursing College, Chattogram | Diploma in Midwifery | 50 |
| 304 | Mymensingh Nursing College, Mymensingh | Diploma in Midwifery | 50 |
| 305 | Rangpur Nursing College, Rangpur | Diploma in Midwifery | 50 |
| 306 | Sylhet Nursing College, Sylhet | Diploma in Midwifery | 50 |
| 307 | Barishal Nursing College, Barishal | Diploma in Midwifery | 50 |
| 308 | Bogura Nursing College, Bogura | Diploma in Midwifery | 50 |
| 309 | Fouzderhat Nursing College, Chattogram | Diploma in Midwifery | 50 |
| 310 | Manikganj Nursing College, Manikganj | Diploma in Midwifery | 25 |
| 311 | Nursing College, Mitford, Dhaka | Diploma in Midwifery | 25 |
| 312 | Nursing & Midwifery College, Cumilla | Diploma in Midwifery | 25 |
| 313 | Nursing & Midwifery College, Noakhali | Diploma in Midwifery | 25 |
| 314 | Nursing & Midwifery College, Tangail | Diploma in Midwifery | 25 |
| 315 | Nursing & Midwifery College, Faridpur | Diploma in Midwifery | 25 |
| 316 | Nursing & Midwifery College, Khulna | Diploma in Midwifery | 25 |
| 317 | Nursing & Midwifery College, Jashore | Diploma in Midwifery | 25 |
| 318 | Nursing Institute, Kushtia | Diploma in Midwifery | 25 |
| 319 | Nursing & Midwifery College, Satkhira | Diploma in Midwifery | 25 |
| 320 | Pabna Nursing College, Pabna | Diploma in Midwifery | 25 |
| 321 | Dinajpur Nursing College, Dinajpur | Diploma in Midwifery | 25 |
| 322 | Nursing & Midwifery College, Bogura | Diploma in Midwifery | 50 |
| 323 | Nursing Institute, Munshiganj | Diploma in Midwifery | 25 |
| 324 | Nursing & Midwifery College, Gopalganj | Diploma in Midwifery | 25 |
| 325 | Nursing & Midwifery College, Habiganj | Diploma in Midwifery | 25 |
| 326 | Nursing Institute, Chandpur | Diploma in Midwifery | 25 |
| 327 | Nursing Institute, Sirajganj | Diploma in Midwifery | 25 |
| 328 | Nursing Institute, Rajbari | Diploma in Midwifery | 25 |
| 329 | Nursing Institute, Jhenaidah | Diploma in Midwifery | 25 |
| 330 | Nursing Institute, Joypurhat | Diploma in Midwifery | 25 |
| 331 | Nursing Institute, Kishoreganj | Diploma in Midwifery | 25 |
| 332 | Nursing Institute, Moulvibazar | Diploma in Midwifery | 25 |
| 333 | Nursing & Midwifery College, Feni | Diploma in Midwifery | 25 |
| 334 | Nursing Institute, Kurigram | Diploma in Midwifery | 25 |
| 335 | Nursing Institute, Pirojpur | Diploma in Midwifery | 25 |
| 336 | Nursing Institute, Naogaon | Diploma in Midwifery | 25 |
| 337 | Nursing Institute, Rangamati | Diploma in Midwifery | 25 |
| 338 | Nursing Institute, Patuakhali | Diploma in Midwifery | 25 |
| 339 | Syeda Zohra Tajuddin Nursing College, Kapasia, Gazipur | Diploma in Midwifery | 25 |
| 340 | Lalmonirhat Nursing College, Lalmonirhat | Diploma in Midwifery | 25 |
| 341 | Bandarban Nursing College, Bandarban | Diploma in Midwifery | 25 |
| 342 | College of Nursing, Shere Banglanagar, Dhaka | Diploma in Midwifery | 25 |
| 343 | Jhalakathi Nursing College, Jhalakathi | Diploma in Midwifery | 50 |
| 344 | Nursing & Midwifery College, Dinajpur | Diploma in Midwifery | 25 |

| | | | |
|---|---|---|---|
| 345 | Nursing & Midwifery College, Cox's Bazar | Diploma in Midwifery | 25 |
| 346 | Nursing & Midwifery College, Bhola | Diploma in Midwifery | 25 |
| 347 | Nursing & Midwifery College, Jamalpur | Diploma in Midwifery | 25 |
| 348 | Nursing & Midwifery College, Nilphamari | Diploma in Midwifery | 25 |
| 349 | Nursing Institute, Netrokona | Diploma in Midwifery | 25 |
| 350 | Nursing Institute, Rajoir, Madaripur | Diploma in Midwifery | 25 |
| 351 | Nursing Institute, Sherpur | Diploma in Midwifery | 25 |
| 352 | Nursing Institute, Chapainawabganj | Diploma in Midwifery | 25 |
| 353 | Nursing Institute, Thakurgaon | Diploma in Midwifery | 25 |
| 354 | Nursing Institute, Brahmanbaria | Diploma in Midwifery | 25 |
| 355 | Nursing Institute, Bagerhat | Diploma in Midwifery | 25 |
| 356 | Nursing Institute, Chuadanga | Diploma in Midwifery | 25 |
| 357 | Nursing Institute, Magura | Diploma in Midwifery | 25 |
| 358 | Nursing Institute, Madaripur | Diploma in Midwifery | 25 |
| 359 | Nursing Institute, Barguna | Diploma in Midwifery | 25 |
| 360 | Nursing Institute, Panchagarh | Diploma in Midwifery | 25 |
| 361 | Sheikh Hasina Nursing College, Sirajganj | Diploma in Midwifery | 25 |
| 362 | Sayeda Nafisa Islam Nursing College, Kishoreganj | Diploma in Midwifery | 25 |
| | | **Total:** | **1825** |

৬.৩ অনলাইনে আবেদন ফরম পূরণ করার পর টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য ৭০০/-(সাতশত) টাকা, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা ভর্তি পরীক্ষার ফি বাবদ জমা দিতে হবে। ফি জমা দেওয়ার পরেই আবেদনপত্র চূড়ান্তভাবে গৃহীত হবে।

৭. ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইট www.mefwd.gov.bd, বিএনএমসি'র ওয়েবসাইট www.bnmc.gov.bd এবং নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইট www.dgnm.gov.bd হতে জানা যাবে।

৮. প্রার্থী মূল্যায়ন ও নম্বর বিভাজন:

(ক) এসএসসি ও এইচএসসি (সমমান)-এর জিপিএ এবং প্রার্থীর লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থী মূল্যায়ন করা হবে।

| | |
|---|---|
| এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৫ গুণিতক | = ২৫ নম্বর (সর্বোচ্চ) |
| এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ৫ গুণিতক | = ২৫ নম্বর (সর্বোচ্চ) |
| MCQ পদ্ধতিতে লিখিত পরীক্ষা | = ১০০ নম্বর (সর্বোচ্চ) |
| সর্বমোট | = ১৫০ নম্বর |

(খ) লিখিত পরীক্ষার পাশ নম্বর ৪০ (চল্লিশ)।

৯. (ক) **বিএসসি ইন নার্সিং কোর্সের বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ** বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-১০, বিজ্ঞান-৩০ (জীববিজ্ঞান, পদার্থবিদ্যা ও রসায়ন) এবং সাধারণ জ্ঞান-২০।

(খ) **ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য বিষয় ভিত্তিক নম্বর বিভাজনঃ** বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ গণিত-১০, সাধারণ বিজ্ঞান-২৫ এবং সাধারণ জ্ঞান-২৫।

১০. অভিন্ন ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধাক্রম অনুযায়ী সরকারি প্রতিষ্ঠানে ভর্তির কার্যক্রম সম্পন্নের পর অবশিষ্ট উত্তীর্ণ প্রার্থীরা তাদের স্ব স্ব পছন্দ অনুযায়ী আসন খালি থাকা সাপেক্ষে যে কোনো বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তি হতে পারেন। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেনি/পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এরূপ কোনো প্রার্থী সরকারি ও বেসরকারি কোনো নার্সিং ও মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবেন না।

১১. এক কোর্সের জন্য ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী কোনোভাবেই অন্য কোর্সে ভর্তি হতে পারবে না।

১১. **<u>জাতীয় মেধা তালিকা ও প্রার্থী নির্বাচন:</u>**

(ক) ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে নির্দিষ্ট আসনের ১০% পুরুষ প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে নির্দিষ্ট আসনের সর্বোচ্চ ২০% পুরুষ প্রার্থী ভর্তি করা যাবে। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে কেবল নারী প্রার্থী নির্বাচন করা হবে।

(খ) প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের জাতীয় মেধা তালিকা (বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

(গ) প্রত্যেক সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ/ইনস্টিটিউট এ মুক্তিযোদ্ধার সন্তান এবং সন্তানের সন্তানদের জন্য প্রত্যেক কোর্সের মোট আসনের ২% এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠীদের জন্য ১% সংরক্ষিত থাকবে। অবশিষ্ট ৯৭% আসন জাতীয় মেধা কোটায় নির্বাচন করা হবে।

(ঘ) নির্বাচিত প্রার্থীদের অর্জিত মেধাক্রম এবং নার্সিং কলেজ/ইনস্টিটিউট পছন্দের ভিত্তিতে প্রার্থী কোন সরকারি প্রতিষ্ঠানে ভর্তি হবেন, তা স্বয়ংক্রিয়ভাবে নির্বাচন করা হবে।

(ঙ) ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে তাদের কোর্স পছন্দক্রমের ভিত্তিতে স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হবে।

(চ) মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান অনুসরণ করা হবে।

(ছ) পরীক্ষায় অংশগ্রহণকারী/নির্বাচিত কোনো প্রার্থীর দেয়া তথ্য (যা ফলাফল নির্ধারণে বিবেচিত হয়) অসম্পূর্ণ বা ভুল প্রমাণিত হলে তার পরীক্ষা/ফলাফল/ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(জ) কোনো প্রার্থী/ আবেদনকারী মুক্তিযোদ্ধা বা অন্য কোনো কোটা ভুল করে পূরণ করলে টাকা জমা দেয়ার পূর্বে নতুনভাবে ফরম পূরণ করতে পারবেন।

(ঝ) পরীক্ষার ফলাফল প্রার্থীর মোবাইলে SMS এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (www.mefwd.gov.bd), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (www.dgnm.gov.bd) এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল www.bnmc.gov.bd ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।

**১২. নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ**

(ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্র;

(খ) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশিট/ মার্কশিট;

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তার নামসহ সীলমোহর) রঙিন ছবি;

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় সংরক্ষিত আসনের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.molwa.gov.bd) এর বীর মুক্তিযোদ্ধা তথ্য ব্যবস্থাপনা সিস্টেমে উল্লিখিত (mis.molwa.gov.bd) মুক্তিযোদ্ধা তালিকা সমূহের যেকোনো একটির সাথে প্রদত্ত তথ্যের মিল থাকতে হবে। মুক্তিযোদ্ধার ছেলে/মেয়ে/নাতি/নাতনি হিসেবে ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রত্যয়ন পত্র (সম্পর্কের সনদ) এবং মুক্তিযোদ্ধার সাথে প্রার্থীর সম্পর্ক নির্ণায়কপূর্বক বাব/মায়ের জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঙ) পার্বত্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সার্কেল চীফ এবং জেলা প্রশাসকের সনদের এবং অন্যান্য জেলার ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে গোত্র প্রধান এবং জেলা প্রশাসকের সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(চ) বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঙিন ছবি সংবলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র;

| | |
|---|---|
| ১৩. অনলাইনে আবেদন শুরুর তারিখ | : ১২ মার্চ ২০২৪ (মঙ্গলবার সকাল ১০.০০ টা) |
| ১৪. অনলাইনে আবেদনের শেষ তারিখ | : ০২ এপ্রিল ২০২৪ (মঙ্গলবার, রাত ১১.৫৯ ঘটিকা) |
| ১৫. অনলাইনে আবেদনের ফি জমাদানের শেষ তারিখ | : ০৩ এপ্রিল ২০২৪ (বুধবার, রাত ১১.৫৯ ঘটিকা) |
| ১৬. অনলাইনে প্রবেশ পত্র ডাউনলোড শুরুর তারিখ | : ২৫ এপ্রিল ২০২৪ (বৃহস্পতিবার, সকাল ১০.০০ ঘটিকা হতে) |
| ১৭. ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | : ০৩ মে ২০২৪ (শুক্রবার, সকাল ১০.০০-১১.০০ ঘটিকা পর্যন্ত) |

১৮. অন্যান্য বিষয়াবলি:

(ক) প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবেন তা নির্ভর করবে প্রার্থীর প্রাপ্ত সমন্বিত স্কোর এবং প্রার্থী কর্তৃক প্রদত্ত কলেজ/ইনস্টিটিউট ও কোর্সের পছন্দ ক্রমানুসারে।

(খ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণ প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবেন।

১০-০৩-২০২৪
মোঃ নাসির উদ্দিন (উপসচিব)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
এবং
সদস্য-সচিব, ভর্তি কমিটি